

আন-নিসা | An-Nisa | النِّسَاء

আয়াতঃ ৪ : ১১১

আরবি মূল আয়াত:

وَمَنْ يَكْسِبْ إِثْمًا فَإِنَّمَا يَكْسِبُهُ عَلَى نَفْسِهِ ۖ وَكَانَ اللَّهُ عَلِيمًا حَكِيمًا

﴿ ১১১ ﴾

অনুবাদসমূহ:

আর যে পাপ কামাই করবে, বস্তুত, সেতো নিজের বিরুদ্ধেই তা কামাই করবে। আর আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। —

আল-বায়ান

এবং যে ব্যক্তি কোন পাপকাজ করে, সে নিজের বিরুদ্ধেই তা করে, বস্তুতঃ আল্লাহ মহাবিজ্ঞানী, প্রজ্ঞাময়। —

তাইসিরুল

এবং যে কেহ পাপ অর্জন করে, বস্তুতঃ সে স্বীয় আত্মার প্রতিই এর প্রতিক্রিয়া পৌঁছিয়ে থাকে এবং আল্লাহ মহাজ্ঞানী, বিজ্ঞানময়। — মুজিবুর রহমান

And whoever commits a sin only earns it against himself. And Allah is ever Knowing and Wise. — Sahih International

১১১. আর কেউ পাপ কাজ করলে সে ওটা তার নিজের ক্ষতির জন্যই করে আর আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।

-

তাকসীরে জাকারিয়া

(১১১) আর যে কেউ পাপ কাজ করে, সে তা দিয়ে নিজের ক্ষতি করে। [১] আর আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।

[১] এই বিষয়ের আর একটি আয়াতে মহান আল্লাহ বলেন, (الاسراء: 15) [وَلَا تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَى] অর্থাৎ "কোন বোঝা বহনকারী অপরের বোঝা বহন করবে না।" (বানী ইসরাঈলঃ ১৫) অর্থাৎ, কিয়ামতে কেউ কারো দায়িত্ব গ্রহণ করবে না। প্রত্যেক মানুষ তা-ই পাবে, যা সে কামিয়ে সাথে নিয়ে যাবে।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=604>